গাংনীতে সাবেক সংসদ সদস্য নুরুল হকের মৃত্যু বার্ষিকী পালন

মেহেরপুরের গাংনীতে গণ পরিষদ সদস্য, সাবেক সংসদ সদস্য ও হাজী ভরষ উদ্দিন মাধ্যমিক বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা প্রধান শিক্ষক নুরুল হকের ২৪ তম মৃত্যু বার্ষিকী উপলক্ষে আলোচনাসভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

পরিবারের আয়োজনে শনিবার সকাল ১১টায় মরহুমের বাস ভবনের সামনে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। মটমুড়া ইউপি চেয়ারম্যান সোহেল আহমেদের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন হাজী ইছার উদ্দীন।

বক্তব্য রাখেন জেলা আওয়ামী লীগের যুগ্মসম্পাদক অ্যাডভোকেট ইব্রাহীম শাহীন। গাংনী উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান অ্যাডভোকেট একেএম শফিকুল আলম। মরহুমের ছেলে আ স ম নাজমুল হক সাগর। এসময় রাজনৈতিক, সামাজিক নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

কুষ্টিয়ায় সড়ক দুর্ঘটনায় ভ্যানচালকের মৃত্যু

কুষ্টিয়ার খোকসা উপজেলার পৃথক সড়ক দুর্ঘটনায় এক ভ্যানচালক নিহত হয়েছেন। শুক্রবার কুষ্টিয়া-রাজবাড়ী আঞ্চলিক সড়কের খোকসায় এ দুর্ঘটনা ঘটে।

নিহত ভ্যানচালক হেলাল উদ্দিন (৫৫) খোকসা উপজেলার শিমুলিয়া ইউনিয়নের শিমুলিয়া কুঠিপাড়া গ্রামের মৃত মোঃ রবিউল ইসলামের ছেলে।

হাসপাতাল ও পুলিশ সূত্রে জানা গেছে, শুক্রবার সকাল ১১ টার সময় কুষ্টিয়া রাজবাড়ী মহাসড়কের শিমুলিয়া ইউনিয়নের মালিগ্রাম কুষ্টিয়া

থেকে ছেড়ে আসা রাজবাড়ী গামী পিকআপ ভ্যান রেজিস্ট্রেশন নং-(ঢাকা মেট্রো-ন-২০-৫৪২৫) ভ্যানচালক হেলাল উদ্দিনের ভ্যানের পিছনে সজোরে ধাক্কা দিলে ঘটনাস্থলে ভ্যানচালকের ডান হাত ভেঙে যায়।

স্থানীয় এলাকাবাসী আহত ভ্যানচালক হেলাল উদ্দিনকে উদ্ধার করে খোকসা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগে আনেন। হাসপাতালের জরুরি বিভাগের কর্তব্যরত ডাক্তার রোমা মুখার্জি আহত ভ্যানচালক হেলালউদ্দিনের প্রাথমিক চিকিৎসা দিয়ে উন্নত চিকিৎসার জন্য কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন।

বিকেল পৌনে পাঁচটার সময় কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মৃত্যুবরণ করেন।

খোকসা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সৈয়দ মোঃ আশিকুর রহমান ঘটনার সত্যতা স্বীকার করে বলেন, আহত ভ্যানচালককে চিকিৎসাধীন অবস্থায় কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে মৃত্যুবরণ করেন।

বয়লার মেশিনের ওপর থেকে পড়ে শ্রমিকের মৃত্যু

কুষ্টিয়ায় বয়লার মেশিনের ওপর থেকে পড়ে নাইম হোসেন (১৮) নামের এক শ্রমিকের মৃত্যু হয়েছে। শনিবার সকালে কবুরহাট ব্যাপারী এগ্রো ফুড অটো রাইস মিলে এ ঘটনা ঘটে।

নিহত নাইম রাজশাহীর পুটিয়া উপজেলার সৈয়দপুর গ্রামের শহিদ ফকিরের ছেলে। তিনি কবুরহাট বাজার এলাকায় ভাড়া থেকে ওই রাইস মিলের সহকারী হিসেবে কাজ করতেন।

মিল সূত্রে জানা যায়, নাইট ডিউটিতে রাইস মিলের সহকারী হিসেবে কাজ করছিলেন নাইম। সকালে মিলের বয়লার মেশিনে পানি শেষ হয়ে যায়। পানি দিতে সিঁড়ি বেয়ে দ্বিতীয় তলায় উঠতে গিয়ে পা পিছলে নিচে পড়ে মারা যান নাইম।

খবর পেয়ে পুলিশ মরদেহ উদ্ধার করে। কুষ্টিয়া মডেল থানার

[illegible] [illegible] (ЕЕЕ) [illegible] [illegible] ЕЕЕ ЕЕЕЕ, ЕЕЕЕ ЕЕЕЕЕ ЕЕЕЕЕ [illegible] ЕЕЕЕ ЕЕЕ ЕЕЕЕЕ ЕЕЕЕЕ ЕЕЕЕ ЕЕЕЕ ЕЕЕЕ ЕЕЕЕ ЕЕЕ ЕЕЕЕ ЕЕЕ ЕЕЕЕЕ

ЕЕЕ Е ЕЕЕЕЕ [illegible] ЕЕЕЕЕЕ ЕЕЕЕЕЕЕ ЕЕ ЕЕЕЕЕ [illegible] ЕЕЕЕЕ [illegible] ЕЕЕЕ ЕЕЕЕЕ [illegible] ЕЕЕ ЕЕЕЕЕЕ

[illegible] ЕЕЕЕЕЕ ЕЕЕЕ [illegible] ЕЕЕЕ ЕЕЕЕЕЕ

[illegible] ЕЕЕЕЕЕ [illegible] ЕЕЕЕЕЕ ЕЕЕЕ [illegible] ЕЕЕЕЕЕ [illegible] ЕЕЕЕЕЕ

ЕЕ [illegible] ЕЕЕЕЕ ЕЕЕ ЕЕЕЕЕЕ ЕЕЕ [illegible] ЕЕЕЕЕЕ ЕЕЕЕ ЕЕЕЕ ЕЕЕЕЕЕЕ ЕЕЕЕЕЕ ЕЕЕЕЕЕ ЕЕЕЕЕ ЕЕЕЕЕЕ [illegible] ЕЕЕЕЕЕЕЕЕ ЕЕЕЕЕЕЕЕЕ [illegible] ЕЕЕЕЕЕ ЕЕЕЕ ЕЕЕ ЕЕЕЕ ЕЕЕЕЕЕ ЕЕЕ [illegible] ЕЕЕЕ Е ЕЕЕЕЕЕ [illegible] ЕЕЕЕ ЕЕЕЕЕЕ, ЕЕЕЕ [illegible] ЕЕЕЕЕ ЕЕЕ ЕЕЕЕЕЕ

[illegible] ЕЕЕЕЕЕ, ЕЕЕЕ ЕЕЕЕ ЕЕЕЕЕ ЕЕЕЕ ЕЕЕЕ [illegible] ЕЕЕЕЕЕЕ ЕЕЕ ЕЕЕЕ ЕЕ ЕЕЕЕЕЕ ЕЕЕ ЕЕЕЕ ЕЕЕЕЕ ЕЕЕЕ ЕЕЕ ЕЕЕ ЕЕЕЕЕ ЕЕЕ [illegible] ЕЕЕЕЕЕЕЕ ЕЕЕЕ ЕЕЕЕ [illegible]

[illegible] ЕЕЕЕ ЕЕЕЕЕЕ ЕЕЕЕЕ, ЕЕЕ ЕЕЕ ЕЕ ЕЕЕ ЕЕЕЕ [illegible] ЕЕЕЕЕЕ ЕЕЕ ЕЕЕЕЕЕ ЕЕЕ ЕЕЕЕЕЕ ЕЕЕЕ ЕЕ ЕЕЕЕЕ ЕЕЕЕ [illegible] ЕЕЕ [illegible] ЕЕЕЕЕЕЕЕ ЕЕЕЕЕЕ ЕЕЕЕЕ ЕЕЕ ЕЕЕЕ ЕЕЕ [illegible] ЕЕЕЕЕЕЕЕЕЕЕЕЕЕ ЕЕЕЕЕЕЕЕЕ ЕЕЕЕЕЕЕЕЕ ЕЕЕЕЕ ЕЕЕЕ ЕЕЕЕЕ

ЕЕ ЕЕЕ [illegible] [illegible] ЕЕЕЕ ЕЕЕЕЕЕ [illegible] ЕЕЕЕЕЕЕЕЕЕЕЕЕЕ ЕЕЕЕЕЕЕЕЕЕЕЕЕЕ ЕЕЕЕ ЕЕЕЕЕ, ЕЕЕЕЕЕ ЕЕЕ [illegible] ЕЕЕ ЕЕЕ ЕЕЕЕЕ

মেরে ফেলে। সেসময় গ্রামের লোকজন বিষয়টি গোপন করায় জুলেখা রক্ষা পায়।

স্থানীয়দের দাবী, স্বামীর অবর্তমানে স্ত্রী জুলেখা স্থানীয় এক জনপ্রতিনিধিসহ কয়েকজনের সাথে পরোকীয়ায় জড়িয়ে পড়ে। দেশে ফেরার পর স্বামী তার পথের কাঁটা হয়ে দাঁড়ায়। এজন্যই মঈনুদ্দীনকে পরিকল্পিতভাবে মেরে ফেলা হয়েছে।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক ঘটনাস্থল পরিদর্শন করেন। তিনি জানান, মঈনুদ্দীনের বোনসহ অন্যান্যরা অভিযোগ করছেন তাই জটিলতা এড়াতে মরদেহ ময়না তদন্তের জন্য মেহেরপুর মর্গে পাঠানো হয়েছে।

এ ঘটনায় গাংনী থানায় একটি অপমৃত্যু মামলা রুজু করা হয়েছে।

চুয়াডাঙ্গায় গাছ থেকে পড়ে শ্রমিকের মর্মান্তিক মৃত্যু

চুয়াডাঙ্গায় গাছ কাটতে যেয়ে পা পিছলে পড়ে সেলিম হোসেন (৪৫) নামের এক গাছ কাটা শ্রমিকের মৃত্যু হয়েছে। সেলিম হোসেন চুয়াডাঙ্গা সদর উপজেলার পদ্মবিলা ইউনিয়নের হায়দারপুর গ্রামের বাসিন্দা।

গতকাল সোমবার বেলা ৩টার সময় চুয়াডাঙ্গা রেল বাজার অদূরে রাস্তার উপর অবস্থিত পুরাতন গাছ কাটতে যেয়ে এই দুর্ঘটনা ঘটে। জানা যায়, সেলিম হোসেন গাছ কাটার শ্রমিক হিসেবে কাজ করেন।

প্রতিদিনের ন্যায় চুয়াডাঙ্গা রেল বাজারের রাস্তার উপর অবস্থিত পুরাতন গাছ কাটতে যান তিনি এ সময় গাছের ডাল কাটতে যেয়ে ৪০ ফিট উচ্চতা থেকে পা পিছলে অসাবধানতাবশত তিনি গাছ থেকে রাস্তার ওপর পড়ে গুরুতর আহত হন।

এ অবস্থায় অন্য গাছ কাটা শ্রমিক ও স্থানীয় লোকজন তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে গেলে দায়িত্বরত চিকিৎসক তাকে প্রাথমিক চিকিৎসা প্রদান করে রাজশাহী মেডিকেলে রেফার্ড করেন। আজ

মঙ্গলবার রাজশাহী মেডিকেলে বেলা সকাল ১০ টার সময় মৃত্যু হয় তার।

পরিবার সূত্রে জানা গেছে, চুয়াডাঙ্গা সদরের শংকরচন্দ্র ইউনিয়নের মসজিদ পাড়া নিবাসী শান্তি রহমানের ৬ ছেলেমেয়ের মধ্যে বড় ছেলে সেলিম হোসেন (৪৫)। বর্তমানে সেলিম হোসেন চুয়াডাঙ্গা সদরের পদ্মবিলা ইউনিয়নের হায়দারপুর গ্রামে বসবাস করতেন।

হায়দাপুর গ্রামের আমান জানান, সেলিম হোসেনের তিন কন্যা সন্তান ও একটি পুত্র সন্তানের জনক। তিন কন্যা সন্তানের বিবাহিত হলেও পুত্রসন্তান নবালক। পরিবারের একমাত্র উপার্জনকারী ব্যক্তি ছিলেন তিনি।

পরিবারের একমাএ উপার্জনকারি ব্যক্তিকে হারিয়ে দিশেহারা পরিবারের লোকজন। মঙ্গলবার রাত বারোটার সময় চুয়াডাঙ্গা সদর উপজেলা পদ্মবিলা ইউনিয়নের হায়দার পুর গ্রামের ঈদগাহ মাঠে তাকে জানাজা করিয়ে হায়দার পুর কেন্দ্রীয় কবরস্থান দাফন কার্য সম্পন্ন করা হয়।

কার্পাসডাঙ্গায় অতিরিক্ত রক্তক্ষরণে প্রসূতির মৃত্যু, সুস্থ আছে দুই যমজ সন্তান

দামুড়হুদার কার্পাসডাঙ্গা বাজারে এ্যাপোলো ক্লিনিকে সিজারিয়ানের পর অতিরিক্ত রক্তক্ষরণে জান্নাতুল খাতুন নামের এক প্রসূতির মৃত্যু হয়েছে। তবে প্রসূতির মৃত্যু হলেও তাঁর যমজ দুটি বাঁচ্চা বর্তমানে সুস্থ আছে।

গত বৃহস্পতিবার দিবাগত রাত সাড়ে তিনটার দিকে এ ঘটনা ঘটে। জান্নাতুল খাতুন উপজেলার কুড়ুলগাছি গ্রামের জাহাঙ্গীর আলমের মেয়ে।

প্রসূতির পরিবারের সদস্যরা জানান, গত বৃহস্পতিবার সন্ধ্যার দিকে জান্নাতুলের পেইন উঠলে আমরা মনে করেছিলাম নরমালেই ডেলিভারি হবে। কিন্তু অবস্থা খারাপ হওয়ায় রাত সাড়ে আটটার দিকে কার্পাসডাঙ্গা

বাজারে অবস্থিত এ্যাপোলো ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টারে ভর্তি করি।

পরে রাত ১১টার দিকে চুয়াডাঙ্গা থেকে ডা. হাসানুজ্জামান নুপুর এসে সিজারিয়ান অপারেশন করে যমজ দুটি বাঁচ্চা বের করেন এবং চিকিৎসা দিয়ে চলে যান। পরে প্রসূতির রক্তক্ষরণ শুরু ও শরীরে ঝাকুনি চলে আসে।

পরে রাত সাড়ে তিনটার দিকে তার মৃত্যু ঘটে। এ বিষয়ে এ্যাপোলো ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টারের মালিক মো. হায়দার আলী জানান, ‘প্রসূতির পেইন ওঠে দুপুরের দিকে।

কিন্তু পরিবারের সদস্যরা নরমাল ডেলিভারি হবে বলে তাকে ক্লিনিকে নিয়ে আসেনি। পরে নরমাল ডেলিভারি না হওয়ায় রাত ১০টার দিকে আমাদের এখানে নিয়ে আসলে আমরা আমাদের ডাক্তারের সাথে যোগাযোগ করি।

ডাক্তার রাত পৌনে ১১টার দিকে এসে সিজারিয়ান অপারেশনের মাধ্যমে যমজ দুটি বাঁচ্চা বের করেন। বাঁচ্চা বের করার প্রায় দুই ঘণ্টা পর তাঁর শরীরে ঝাকুনি আসলে রাত সাড়ে তিনটার দিকে সে মারা যায়।

মিরপুরে ঘাস কাটতে গিয়ে বজ্রপাতে যুবকের মৃত্যু

কুষ্টিয়ার মিরপুরে বজ্রপাতে আসিফ (১৮) নামে এক যুবকের মৃত্যু হয়েছে। সোমবার সকাল সাড়ে ১০টার দিকে উপজেলার ধুবইল ইউনিয়নের কালিকাপুর মাঠে এ ঘটনা ঘটে।

নিহত আসিফ একই এলাকার মতিয়ার রহমান মধুর ছেলে। সে পেশায় দিনমজুর ছিলেন।

নিহতের পরিবারের বরাত দিয়ে মিরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) গোলাম মোস্তফা জানান, যুবক আসিফ তার বাড়ির পাশে কালিকাপুর মাঠে গরুর জন্য ঘাস কাটতে যান।

এসময় বৃষ্টির সঙ্গে প্রচণ্ড শব্দে বজ্রপাত হলে আসিফ ঘটনাস্থলেই মারা যান। পরে মাঠের লোকজন তাকে উদ্ধার করে বাড়িতে নেয়। ওসি আরও জানান, পরিবারের কোনো অভিযোগ না থাকায় ময়নাতদন্ত ছাড়াই মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে।

মেহেরপুরের উজুলপুরে বজ্রপাতে কৃষক নিহত

মেহেরপুর সদর উপজেলা উজুলপুরে বজ্রপাতে সুন্নত আলী (৪৫) নামের এক কৃষক নিহত হয়েছেন।

আজ সোমবার (১ আগষ্ট) সকাল ১০ টার দিকে উজলপুর গ্রামের মাঠে বজ্রপাতে এই নিহতের ঘটনা ঘটে। নিহত সুন্নত আলী একই গ্রামের গ্রামের বকুল মন্ডলের ছেলে।

স্থানীয়রা জানান, সকালের দিকে সুন্নত আলী ক্ষেতে কাজ করার উদ্দেশ্যে মাঠে যাচ্ছিলেন । গ্রামের চাঁতালের মাঠ নামক স্থানে পৌছানোর সাথে সাথে বৃষ্টি শুরু হয়। পরে ওই মাঠে একটি কদম গাছের নিচে অবস্থান করেন তিনি। হঠাৎ বজ্রপাত তার মাথার উপর পড়লে সুন্নত আলী আহত হন। আহতাবস্থায় তাকে উদ্ধার করে মেহেরপুর-২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে নেওয়ার পথে মারা যান তিনি।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত ওসি মেজবাহ উদ্দীন আহম্মেদ এ তথ্য নিশ্চিত করেন।

দামুড়হুদায় সাপের কামড়ে দুই

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে।

দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ফেরদৌস ওয়াহিদ বলেন, আমার পুলিশ ঘটনাস্হল গিয়েছিলো তবে সর্প দংশনে তাদের দুজনের চিহ্ন পাওয়া গেছে বলে ধারনা করা হচ্ছে। তদন্ত করলে বুঝা যাবে আসলে ঘটনা কি?

সাংবাদিক অমিত হাবিবের মৃত্যুতে ঝিনাইদহ প্রেসক্লাবের শোক

দৈনিক দেশ রূপান্তর পত্রিকার সম্পাদক সাংবাদিক অমিত হাবিবের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছে ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি-সম্পাদকসহ কর্মরত সাংবাদিকবৃন্দ।

শুক্রবার বিকালে ঝিনাইদহ প্রেসক্লাবের সামনে তার লাশের কফিনের উপরে শ্রদ্ধাঞ্জলি অর্পণ শেষে জানাজার নামাজ অনুষ্ঠিত হয়। এসময় সাংবাদিকদের সাথে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক (সার্বিক) সেলিম রেজা, সদর থানার অফিসার ইনচার্জ শেখ মোঃ সোহেল রানা, প্রেসক্লাবের সভাপতি এম রায়হান, সাধারণ সম্পাদক মাহমুদ হাসান টিপুসহ অন্যান্য সাংবাদিকগণ। সকলেই এই শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর শোক ও সমবেদনা জ্ঞাপন করেন।

গত বৃহস্পতিবার রাত ১১টার দিকে রাজধানীর ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরোসায়েন্স ও হাসপাতালের আইসিইউতে চিকিৎসাধীন অবস্থায় তাঁর মৃত্যু হয়। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫৯ বছর।

বৃহস্পতিবার রাতে দৈনিক দেশ রূপান্তর পত্রিকার বার্তাকক্ষে কর্মরত অবস্থায় স্ট্রোক করেন তিনি। পরে গুরুতর অসুস্থ অবস্থায় রাজধানীর বিআরবি হাসপাতালে ভর্তি করা হয় অমিত হাবিবকে।

১৯৮৭ সালে খবর গ্রুপ অব পাবলিকেশন্সে একই সঙ্গে রিপোর্টার ও সাব-এডিটর হিসেবে কর্মজীবন শুরু করেন অমিত হাবিব। পরে সাপ্তাহিক

পূর্বাভাস পত্রিকায় সাব-এডিটর পদে যোগ দেন তিনি।

১৯৯১ সালে দৈনিক আজকের কাগজ পত্রিকায় সিনিয়র সাব-এডিটর হয়ে যোগ দেন। এর পরের বছর একই পদে যোগ দেন দৈনিক ভোরের কাগজে। অল্প দিনের মধ্যে পদোন্নতি পেয়ে যুগ্ম বার্তা সম্পাদক ও পরে বার্তা সম্পাদক হন তিনি।

২০০৩ সালে দৈনিক যায়যায়দিন পত্রিকায় প্রধান বার্তা সম্পাদক হিসেবে যোগ দেন এই সাংবাদিক। তবে পত্রিকাটি বাজারে আসে ২০০৬ সালে।

২০০৭ সালে চীনের আন্তর্জাতিক বেতারে বিদেশি বিশেষজ্ঞ হিসেবে যোগ দিয়ে বেইজিংয়ে কর্মরত থাকা অমিত হাবিব দেশীয় সাংবাদিকতার সঙ্গে দূরত্বের কথা বিবেচনায় তা ছেড়ে দেশে ফিরে আসেন।

২০০৯ সালে দৈনিক সমকালের প্রধান বার্তা সম্পাদকের পদ ছেড়ে দৈনিক কালের কণ্ঠে নির্বাহী সম্পাদক হিসেবে যোগ দেন। পরে ২০১৩ সাল থেকে উপদেষ্টা সম্পাদকের দায়িত্ব পালন করেন তিনি। দৈনিক দেশ রূপান্তরের সূচনালগ্ন থেকে তিনি সম্পাদকের দায়িত্ব পালন করে আসছিলেন।

অমিত হাবিব ঝিনাইদহ জেলার মহেশপুর উপজেলার কাজীরবেড় গ্রামের সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্ম গ্রহণ করেন। শুক্রবার বাদ মাগরিব তাঁর নিজ গ্রামে শেষ জানাজা এবং দাফন সম্পন্ন হয়।